# বাংলা

**প্রশ্নপত্র—II**

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে সেটি পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

PAPER—II

( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ''এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর॥''

*(b)* ''কুলিয়া গ্রামেতে প্রভুর শুনি আগমন;
কোটি কোটি লোক আসি কৈল দরশন।''

*(c)* ''বিসর্জ্জি প্রতিমা যেন দশমী দিবসে
সপ্ত দিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে।''

*(d)* ''আজি কালি বড় গোল শুনা যায় যে, আমাদের দেশের বড় শ্রীবৃদ্ধি হইতেছে। এত কাল আমাদিগের দেশ উৎসন্ন যাইতেছিল, এক্ষণে ইংরাজের শাসনকৌশলে আমরা সভ্য হইতেছি। সভ্য হইতেছি। আমাদের দেশের বড় মঙ্গল হইতেছে।''

*(e)* ''গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে,
দেখে যেন মনে হয়, চিনি উহারে।''

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* বৈষ্ণব সাহিত্যে 'অভিসার' বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যপ্রতিভা বিচার করুন। 20

*(b)* 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের 'মধ্যলীলা' অবলম্বনে 'সাধ্য-সাধনতত্ত্ব' বিষয়টি বুঝিয়ে দিন। 15

*(c)* কবি মুকুন্দের 'কালকেতু' আখ্যান অবলম্বনে কালকেতুর গুজরাট নগর পত্তনের গুরুত্ব ব্যাখ্যা করুন। 15

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* ''চিত্রাঙ্গদা ও মন্দোদরী উভয়েই রাজমহিষী, উভয়েই পুত্র বিয়োগে কাতর; কিন্তু চারিত্রিক বৈশিষ্ট্যে দু'জনার মধ্যে যোজনব্যাপী ব্যবধান।'' 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করুন। 15

*(b)* বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' উপন্যাসে কপালকুণ্ডলা ও নবকুমারের সম্পর্কের স্বরূপ ব্যাখ্যা করুন। 20

*(c)* 'সোনার তরী' কাব্যগ্রন্থের মূল সুর সম্পর্কে আলোকপাত করুন। 15

**4.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* ''এই চারিটি বৈষম্যের উপর আপাততঃ বঙ্গীয় সমাজের দৃষ্টি পড়িয়াছে।'' বঙ্কিমচন্দ্রের 'সাম্য' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বিশদ করুন। 15

*(b)* ভ্রাতুষ্পুত্রীর উদ্দেশ্যে লিখিত হলেও 'ছিন্নপত্রাবলী'র পত্রগুলি স্বতন্ত্র সাহিত্যের মর্যাদা পেতে পারে। উদাহরণযোগে আলোচনা করুন। 20

*(c)* 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি অবলম্বনে ভারতবর্ষের শ্রমোপজীবীদের চিরদুর্দশার কারণ ও তার পরিণাম বিষয়ে আপনার অভিমত লিপিবদ্ধ করুন। 15

## SECTION—B

**5.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) "... আমি প্রকাণ্ড মরুভূমি—তোমার মতো একটা ছোট্ট ঘাসের দিকে হাত বাড়িয়ে বলছি—আমি তপ্ত, আমি রিক্ত, আমি ক্লান্ত।"

(b) "গাড়ি চলে,
নিমেষ বিরাম নাই আকাশের তলে।
ঘুমের ভিতরে থাকে অচেতনে
কোন্ দূর প্রভাতের প্রত্যাশা নিদ্রিত মনে।"

(c) "এই সব জনহীন স্থান গভীর রাত্রে জ্যোৎস্নালোকে পরীদের বিচরণ-ভূমিতে পরিণত হয়, আমি এখানে অনধিকার-প্রবেশ করিয়া ভাল করি নাই।"

(d) "তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার ম্লান চোখ মনে আসে,
পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে চ'লে গেছে রূপ নিয়ে দূরে;"

(e) "... পাথরের জেলগেটের উপরতলায় হঠাৎ
ঊষার আরক্তিম আলোর মধুর ঝলক লাগে।"

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) "আমি তোমাকে বলছি রাজা, সেই পালের হাওয়া আনবে রঞ্জন। সে যেখানে যায় ছুটি সঙ্গে নিয়ে আসে।" নন্দিনীর এই উক্তির আলোকে রঞ্জন চরিত্রের স্বরূপ ব্যাখ্যা করুন। 15

(b) 'নবজাতক' কাব্যগ্রন্থে ইতিহাস চেতনার পাশাপাশি রবীন্দ্রনাথ যেভাবে সমসাময়িক জীবনের ছবি এঁকেছেন, পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দিন। 15

(c) 'গৃহদাহ' উপন্যাসের নামকরণ কতখানি সার্থক, বিচার করুন। 20

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) প্রমথ চৌধুরীর 'প্রবন্ধ সংগ্রহ' গ্রন্থের ভূমিকায় অতুলচন্দ্র গুপ্ত এক জায়গায় লিখেছেন, "নানা কষ্টিপাথরের বিচারে প্রবন্ধগুলি বাংলা সাহিত্যের বড়ো সম্পদ"।—কয়েকটি প্রবন্ধ অবলম্বনে বক্তব্যটি বিশ্লেষণ করুন। 15

(b) "আরণ্যক সেই কল্পনালোকের বিবরণ। ইহা ভ্রমণবৃত্তান্ত বা ডায়েরী নহে—উপন্যাস।" 'আরণ্যক' উপন্যাসের ভূমিকায় বিভূতিভূষণের লেখা এই কথাগুলির তাৎপর্য ব্যাখ্যা করুন। 15

(c) লেখকের রাজনৈতিক দর্শনও কীভাবে উৎকৃষ্ট সাহিত্য হতে পারে, মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারাণের নাতজামাই' ও 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প অবলম্বনে দেখান। 20

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* তাঁর 'শ্রেষ্ঠ কবিতা'য় সংকলিত 'রূপসী বাংলা'র কবিতাগুলি অবলম্বনে কবি জীবনানন্দ দাশের স্বদেশ প্রেমের পরিচয় দিন। 15

*(b)* 'জাগরী'কে কারা-উপন্যাস বলা যায় কিনা, বিচার করুন। 15

*(c)* বাদল সরকার রচিত 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি বাংলা নাটকের ধারায় কোন্ কোন্ দিক থেকে ব্যতিক্রমী তা বুঝিয়ে দিন। 20

★ ★ ★